দৈনিক
ইনকিলাব

তারিখ 07 AUG 2008
পৃষ্ঠা ৩ কলাম ৫

# দুই ছাত্রনেতার মুক্তির দাবীতে বিক্ষোভে উত্তাল ঢাবি ক্যাম্পাস

## ভিসির কার্যালয় ভাঙচুর : ছাত্রলীগ ও ছাত্রদলের স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচী আজ

...বিদ্যালয় রিপোর্টার : ছাত্রদল সভাপতি আজিজুল বারী হেলালের ...র দাবীতে গত রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির কার্যালয় ...চুর করেছে ছাত্রদলের নেতা-কর্মীরা। এর আগে ক্যাম্পাসে ...দল আজিজুল বারী হেলাল ও ছাত্রলীগ সাধারণ সম্পাদক ...ফুজুল হায়দার রোটনের মুক্তির দাবীতে পৃথক পৃথক মিছিল বের ...

করেন বলে জানা গেছে। রাত ১২টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে থমথম অবস্থা বিরাজ করছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ সভাপতি শেখ সোহেল রানা টিটু দৈনিক ইনকিলাবকে জানান, গত রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি তাকে (টিটু) জানিয়েছেন, আজ (বৃহস্পতিবার) রাতের মধ্যে ছাত্রলীগ সাধারণ

# বিক্ষোভে উত্তাল ঢাবি ক্যাম্পাস

*প্রথম পৃষ্ঠার পর*

গত রাত ৮টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার রোটনের মুক্তির দাবীতে মিছিল বের করে ছাত্রলীগ নেতা-কর্মীরা। পরে তারা ভিসির কার্যালয়ে গিয়ে ভিসির সাথে দেখা করে রোটনের মুক্তির জোর দাবী জানায়। ছাত্রলীগের মিছিল শেষ হওয়ার কিছু সময় পর ছাত্রদল সভাপতি আজিজুল বারী হেলালের মুক্তির দাবীতে পৃথক মিছিল বের করে ছাত্রদলের নেতা-কর্মীরা। ছাত্রদলের নেতা-কর্মীরা মিছিলসহ ভিসির কার্যালয়ের সামনে যায়। কিন্তু এর আগেই ভিসি ছাত্রনেতাদের মুক্তির বিষয় নিয়ে আলোচনার জন্য বেরিয়ে যান। ছাত্রদলের নেতা-কর্মীরা ভিসিকে তার কার্যালয়ে না পেয়ে তার কার্যালয় ভাঙচুর করে। এ সময় তারা বিভিন্ন ধরনের শ্লোগান দেয়। এ ঘটনার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইরে বিভিন্ন পয়েন্টে পুলিশ মোতায়েন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকায় যান-বাহন প্রবেশ করতে দেয়া হচ্ছে না।

দুই ছাত্রনেতার মুক্তির দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উত্তাল। যে কোন সময় ঘটতে পারে সহিংস ঘটনা। উভয় সংগঠনই তাদের নেতাদের মুক্তির দাবীতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল সমাবেশ করেছে। ভিসির সাথে ছাত্রলীগ ও ছাত্রদলের দফায় দফায় বৈঠক। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচী দিয়েছে উভয় সংগঠন। গতকাল (বুধবার) ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখা দুপুর সাড়ে ১২টায় ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটনের মুক্তির দাবীতে মধুর ক্যান্টিন থেকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার সামনে এসে সমাবেশ করে।

ছাত্রলীগ কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সৈয়দ আবুল কালাম আজাদের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ কেন্দ্রীয় সভাপতি মাহমুদুল হাসান রিপন। তিনি বলেন, বর্তমান তত্ত্বাবধায়ক সরকার ছাত্রনেতা রোটনের মুক্তি না দিয়ে ছাত্রদের সাথে টালবাহানা করছে। আমরা ভিসিকে রোটনের মুক্তির জন্য বারবার অনুরোধ করেছি কিন্তু সরকার এখনও পর্যন্ত আমাদের কোন কথা রাখেনি। রোটনের মুক্তি না হওয়া পর্যন্ত ছাত্রলীগ পথে অবস্থান করবে বলে তিনি ঘোষণা দেন।

...লীগ বিশ্ববিদ্যালয় সভাপতি শেখ সোহেল রানা টিপু বলেন, আমাদের ধৈর্যের বাঁধ ভেঙ্গে যাচ্ছে। আমরা অনেক অহিংস আন্দোলন করেছি, বুধবার দুপুর ১২টা পর্যন্ত সরকার আমাদের সময় নিয়েছিল কিন্তু কোন পদক্ষেপ গ্রহণ করছে না। এখন যে কোন সহিংস ঘটনা ঘটলে তার দায়িত্ব নিতে হবে প্রশাসনকেই। সমাবেশে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশা। এছাড়াও সমাবেশে উপস্থিত ছিলেন ছাত্রলীগ কেন্দ্রীয় এবং বিশ্ববিদ্যালয় নেতৃবৃন্দ। সমাবেশ শেষে ছাত্রনেতারা রোটনের মুক্তির ব্যাপারে আলোচনার জন্য ভিসির সাথে সাক্ষাৎ করতে যান।

অন্যদিকে ছাত্রদল তাদের কেন্দ্রীয় সভাপতি আজিজুল বারী হেলালের মুক্তির দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে বিশ্ববিদ্যালয় সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজের নেতৃত্বে একই সময়ে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে ভিসির কার্যালয়ে এসে শেষ হয়।

### ভিসির সাথে উভয় দলের বৈঠক

গতকাল দুপুর ১টা থেকে বিশ্ববিদ্যালয়ের ভিসি এস এম এ ফায়েজ দফায় দফায় বৈঠক করেছেন দুই ছাত্র সংগঠনের নেতাদের সাথে। উভয় দলের নেতারা তাদের ছাত্রনেতাদের মুক্তি দাবী করেন। বৈঠক শেষে বিশ্ববিদ্যালয়ের ভিসি ইনকিলাবকে বলেন, আমি সর্বোচ্চ পর্যায়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিষয়টি আলোচনা করছি। আমরা চেষ্টা করছি যতদ্রুত সম্ভব তাদের মুক্ত করে আনতে। ভিসির কাছে নির্দিষ্ট সময় জানতে চাইলে তিনি বলেন, আমি নির্দিষ্ট কোন সময় বেঁধে দিতে পারব না। তবে আশা করছি বিষয়টি খুব দ্রুত সমাধান হবে। এর আগে গতকাল বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভিসি এস এম এ ফায়েজ ছাত্রনেতাদের মুক্তির ব্যাপারে আলোচনার জন্য প্রধান উপদেষ্টার কার্যালয়ে গিয়ে প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদের সাথে সাক্ষাৎ করেছেন।

### আজ উভয় দল স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও করবে

এদিকে উভয় সংগঠনই তাদের শীর্ষ দুই নেতার মুক্তির দাবীতে আজ দুপুর ১২টায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচী ঘোষণা করেছে। ছাত্রনেতারা এ কর্মসূচীকে বাস্তবায়ন করার জন্য দলের নেতা-কর্মীদের প্রতি আহবান জানিয়েছেন।